# বার্ষিক প্রতিবেদন
## ২০২২-২৩




**জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার)**

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

বগুড়া, বাংলাদেশ।

Web : www.nactar.gov.bd



মোঃ কামাল হোসেন
সিনিয়র সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

সরকারের উন্নয়ন কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতিটি দপ্তর/ সংস্থার বার্ষিক প্রতিবেদন প্রকাশ গুরুত্বপূর্ণ। জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া, বিগত ২০২২-২৩ অর্থ বছরের কার্যক্রম সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রকাশ করছে জেনে আমি আনন্দিত।

এ একাডেমীটি আইসিটি প্রশিক্ষণের মাধ্যমে দেশের তৃণমূল পর্যায়ে তথ্যপ্রযুক্তি বিস্তারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। দেশের শিক্ষা ব্যবস্থার সার্বিক উন্নয়নে আইসিটি এর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মানসম্মত শিক্ষা বিস্তারে তথ্য ও প্রযুক্তি জ্ঞানসম্পন্ন শিক্ষক উল্লেখযোগ্য অবদান রাখতে পারে।

নেকটার দেশের ৮ (আট) টি বিভাগের বিভিন্ন স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষকগণকে ৩০দিন মেয়াদী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) এবং ১৫ দিন মেয়াদী এ্যাডভান্সড তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্রশিক্ষিত শিক্ষক/মাস্টার ট্রেইনার হিসেবে গড়ে তুলছে। প্রতিষ্ঠানটি গত ২০২২-২৩ অর্থ বছরে স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ৯৩৫ জন শিক্ষককে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেছে।

চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় এবং ডেমোগ্রাফিক ডিভিডেন্ড এর সুযোগ কাজে লাগাতে দেশের তরুণ ও যুব সমাজকে আইসিটি শিক্ষায় শিক্ষিত করা বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য। সেক্ষেত্রে দেশের বেকার যুব সমাজকে প্রশিক্ষিত এবং দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে নেকটার বিভিন্ন শর্ট কোর্সে ও ০৬ মাস মেয়াদী অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্সে প্রশিক্ষণ প্রদান করছে।

আইসিটি শিক্ষা বিস্তারের মাধ্যমে জ্ঞানভিত্তিক এবং প্রযুক্তি নির্ভর প্রজন্ম তৈরিতে নেকটারের প্রচেষ্টা অব্যাহত থাকবে বলে আমি আশা করি। বার্ষিক প্রতিবেদন প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছি।



(মোঃ কামাল হোসেন)
সিনিয়র সচিব

# জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া

## পরিচিতিঃ

জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়াধীন কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণামূলক একটি জাতীয় প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানটি বগুড়া জেলার শাজাহানপুর উপজেলাধীন জাহাঙ্গীরাবাদ সেনানিবাস সংলগ্ন ফুলতলা এলাকায় ঢাকা-রংপুর মহাসড়কের পার্শ্বে অবস্থিত। প্রতিষ্ঠানটি ১৯৮৪ সাল থেকে শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় কার্যক্রম শুরু করলেও গত ০১/১২/২০১৬ খ্রি. তারিখ হতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতায় পরিচালিত হচ্ছে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রত্যক্ষ দিকনির্দেশনায় নেকটার-এর বিবিধ কার্যক্রমে গতিশীলতা আনায়নে সক্ষম এবং এর কার্যপরিধি বিস্তৃত হচ্ছে। এ প্রতিষ্ঠানের মূল কার্যক্রম হচ্ছে শিক্ষিত বেকার যুবক ও যুব মহিলাদের কম্পিউটার প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ ও আত্মকর্মসংস্থান উপযোগী করে গড়ে তোলা। এছাড়া সরকারের নির্দেশনা অনুযায়ী স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানের শিক্ষকগণকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা।

## ভিশন ও মিশনঃ

### ভিশনঃ

দেশের আর্থিক ও সামাজিক অঙ্গনে অবদান ও আইসিটি-এর ক্ষেত্রে প্রশিক্ষিত ও দক্ষ জনগোষ্ঠী গড়ে তুলতে যুগোপযোগী কম্পিউটার প্রযুক্তি বিষয়ে শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা পরিচালনা।

### মিশনঃ

- আইসিটি বিষয়ে গবেষণা, শিক্ষা ও প্রশিক্ষণ পরিচালনা করা এবং এ বিষয়ে জ্ঞানের উৎকর্ষ সাধন করা;
- সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত বা বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিদের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের কাঠামো নির্ধারণ, পরিচালনা ও মূল্যায়ন করা;
- শিক্ষা এবং প্রশিক্ষণের জন্য পাঠ্যক্রম নির্ধারণ করা;
- একাডেমী কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম অধ্যয়ন সম্পন্ন করেছেন এমন ব্যক্তিদের পরীক্ষা গ্রহণ করা এবং ডিপ্লোমা ও সার্টিফিকেট প্রদান করা;
- একাডেমী কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ, পরীক্ষা অনুষ্ঠান, সার্টিফিকেট ও ডিপ্লোমা প্রদান, ইত্যাদি খাতে ফি নির্ধারণ ও আদায়;

সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের চাহিদা অনুসারে আইসিটি বিষয়ে প্রশিক্ষণ ও গবেষণা পরিচালনা।

# নেকটার বোর্ড অব গভর্ণরস

একাডেমী পরিচালনার লক্ষ্যে জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা আইন-২০০৫ এর ধারা ৬ (১) অনুযায়ী নিম্নবর্ণিত ১৫ সদস্যের সমন্বয়ে গঠিত বোর্ড অব গভর্ণরস একাডেমীর উন্নয়নে নিরলস কাজ করছেন।

## বোর্ড অব গভর্ণরস-এর সদস্যবৃন্দ

| | |
|---|---|
| সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | চেয়ারম্যান (পদাধিকারবলে) |
| অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | ভাইস চেয়ারম্যান (পদাধিকারবলে) |
| বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন যুগ্মসচিব | সদস্য |
| মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য (পদাধিকারবলে) |
| মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য (পদাধিকারবলে) |
| মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া | সদস্য (পদাধিকারবলে) |
| চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য (পদাধিকারবলে) |
| চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য (পদাধিকারবলে) |
| রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর কর্তৃক মনোনীত উক্ত বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিভাগের একজন অধ্যাপক | সদস্য |
| জেলা প্রশাসক, বগুড়া | সদস্য (পদাধিকারবলে) |
| অধ্যক্ষ, বগুড়া সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া | সদস্য (পদাধিকারবলে) |
| সরকার কর্তৃক মনোনীত একজন কম্পিউটার বিশেষজ্ঞ | সদস্য |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিজনেস প্রমোশনাল কাউন্সিল কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| একাডেমীর পরিচালক | সদস্য সচিব (পদাধিকারবলে) |

## জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া-এর দপ্তর বিন্যাস ঃ

### ১. প্রশাসনিক বিভাগ (Administrative Division)

- ক. সাধারণ প্রশাসন বিভাগ (Department of General Administration)
  - সংস্থাপন শাখা
  - হিসাব শাখা
  - হোস্টেল ও ক্যাফেটারিয়া
  - স্টোর
  - মেডিকেল সেন্টার
  - মসজিদ
- খ. রেজিস্ট্রেশন ও পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (Department of Registration & Examination Control)
  - রেজিস্ট্রেশন শাখা
  - পরীক্ষা নিয়ন্ত্রণ শাখা
- গ. রক্ষণাবেক্ষণ বিভাগ (Department of Maintenance)
- ঘ. গ্রন্থাগার (Library)

### ২ একাডেমিক বিভাগ (Academic Division)

- ক. আইসিটি শিক্ষা বিভাগ (Department of ICT Education)
- খ. প্রশিক্ষণ বিভাগ (Department of Training)
- গ. গবেষণা ও প্রকাশনা বিভাগ (Department of Research & Publication)

# প্রশাসনিক বিভাগ
# (Administrative Division):

# ১. প্রশাসনিক বিভাগ (Administrative Division):

## ক. সাধারণ প্রশাসন বিভাগ (Department of General Administration)

### সংস্থাপন শাখাঃ

১৯৮৩ সাল থেকে সাবেক নট্রামস বর্তমান নেকটার-এর কার্যক্রম শুরু হয়। প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সরকার ২টি প্রকল্প গ্রহণ করেন যথা: (১) নট্রামস স্থাপন প্রকল্প (২) নট্রামস শক্তিশালীকরণ শীর্ষক উন্নয়ন প্রকল্প। নেকটার আইন ২০০৫ এর লক্ষ্য ও উদ্দেশ্য পূরণকল্পে সৃষ্ট পদসমূহের বিবরণ নিম্নরূপঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম, নেকটার আইন ২০০৫ ও সময়কাল | কর্মকর্তা/কর্মচারি পদ সংখ্যা | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | গ্রেড ৪-৯ | গ্রেড ১০ | গ্রেড ১১-১৬ | গ্রেড ১৮-২০ | মোট পদ |
| ১। | নট্রামস স্থাপন প্রকল্প (১৯৮৪-১৯৮৬) | ১৭টি | ০২টি | ১৭টি | ২০টি | ৫৬টি |
| ২। | নট্রামস শক্তিশালীকরণ শীর্ষক উন্নয়ন প্রকল্প (১৯৯১-১৯৯৩) | ১৮টি | ০২টি | ২৪টি | ২২টি | ৬৬টি |
| ৩। | নেকটার আইন ২০০৫ এর লক্ষ্য উদ্দেশ্য পূরণকল্পে ২০০৮ সালে রাজস্বখাতে সৃজন হয়েছে | ১৪টি | - | - | - | ১৪টি |
| | সর্বমোট | ৪৯টি | ০৪টি | ৪১টি | ৪২টি | ১৩৬টি |

নেকটারের বগুড়ার জনবলের ৩০/০৬/২০২৩ খ্রি. পর্যন্ত হালনাগাদ তথ্য:

| ক্রমিক নং | পদের প্রকৃতি | রাজস্বখাতের মোট পদ | কর্মরত | শূন্য পদ | অর্থ মন্ত্রণালয় কর্তৃক বিলুপ্ত পদসমূহ |
|---|---|---|---|---|---|
| ০১. | ১ম শ্রেণী | ৪৫ | ১৮ | ২৭ | -- |
| ০২. | ২য় শ্রেণী | ০৪ | ০৩ | ০১ | -- |
| ০৩. | ৩য় শ্রেণী | ৩৯ | ৩৩ | ০৬ | ০২ |
| ০৪. | ৪র্থ শ্রেণী | ৩৬ | ৩০ | ০৬ | ০৫ |
| | সর্বমোট পদ | ১৩১ | ৮৪ | ৪০ | ০৭ |

২০২২-২৩ অর্থবছরে নেকটার বগুড়া'র ০৫ জন কর্মকর্তা ও ০৭ জন কর্মচারী অবসর-উত্তর ছুটি (পিআরএল) গমন করেছেন:

| ক্রমিক নং | নাম ও পদবী | পিআরএল গমনের তারিখ |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ আব্দুল আলিম, প্রশিক্ষক (বাংলা) | ১/০২/২০২৩ |
| ০২. | জনাব মোঃ ফজলে রাব্বী, প্রশিক্ষক (পরীক্ষা নিয়ন্ত্রক) | ২৫/০১/২০২৩ |
| ০৩. | জনাব মোঃ আব্দুল মান্নান, সহকারী ইন্সট্রাক্টর | ০১/০৮/২০২২ |
| ০৪. | জনাব এ.টি.এম মাসুদুর রহমান, সহকারী প্রশিক্ষক | ৩০/০১/২০২৩ |

| ক্রমিক নং | নাম ও পদবী | পিআরএল গমনের তারিখ |
|---|---|---|
| ০৫. | জনাব মোঃ আবু বকর সিদ্দিক, সহঃ প্রশিক্ষক (গবেষণা) | ৩১/১২/২০২২ |
| ০৬. | জনাব মোঃ সোয়াদ আলী, হিসাব রক্ষক | ০১/০৫/২০২৩ |
| ০৭. | জনাব মোঃ মাহাতাব হোসেন, হোস্টেল সুপার | ০১/০৮/২০২২ |
| ০৮. | জনাব মোঃ হাবিবুল হক দুলাল, মেকানিক | ০১/০৫/২০২৩ |
| ০৯. | জনাব কাজী বেলাল হোসেন, কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০২/১০/২০২২ |
| ১০. | জনাব শ্রী নির্মল চন্দ্র পাল, নিরাপত্তা প্রহরী | ২০/১০/২০২২ |
| ১১. | জনাব মোঃ আব্দুল মালেক, অফিস সহায়ক | ০১/১২/২০২২ |
| ১২. | জনাব মোঃ ইসমাইল হোসেন জোয়ারদার, অফিস সহায়ক | ১৫/০৩/২০২৩ |

২০২২-২৩ অর্থবছরে নেকটার, বগুড়া'র ০৩ জন কর্মকর্তা ও ০৬ জন কর্মচারী অবসর গ্রহণ করেছেন:

| ক্রমিক নং | নাম ও পদবী | পিআরএল গমনের তারিখ |
|---|---|---|
| ০১. | জনাব মো: হামিদুর রহমান, প্রশিক্ষক (ইংরেজী) | ০১/১১/২০২২ |
| ০২. | জনাব মোছা: মৌলুদা বেগম, সহকারী ইন্সট্রাক্টর | ২৮/১১/২০২২ |
| ০৩. | জনাব মো: আবু তালেব, সহকারী ইন্সট্রাক্টর | ০১/০৮/২০২২ |
| ০৪. | জনাব খোদেজা পারভীন, কম্পিউটার অপারেটর | ০১/১০/২০২২ |
| ০৫. | জনাব একরামুল হোসেন খন্দকার, স্টোর কিপার | ১০/০৬/২০২৩ |
| ০৬. | জনাব মো: আব্দুস ছাত্তার হেলাল, ড্রাইভার | ০১/০১/২০২৩ |
| ০৭. | জনাব মো: আব্দুস ছামাদ, সহকারী বাবুর্চি | ০১/০৯/২০২২ |
| ০৮. | জনাব মো: আশরাফুল ইসলাম, কুক-কাম-বেয়ারার | ০১/১২/২০২২ |
| ০৯. | জনাব মো: শাজাহান পাইকার, নিরাপত্তা প্রহরী | ০৫/৭/২০২২ |

## সংস্থাপন শাখা কর্তৃক ২০২২-২৩ অর্থ বছরে (০১/৭/২০২২-৩০/৬/২০২৩ পর্যন্ত) সম্পাদিত কার্যাদিঃ

## প্রশাসনিক কার্যক্রম

- ২০২২-২৩ অর্থবছরে বোর্ড অব গভণর্রস এর ২টি সভা অনুষ্ঠিত হয়েছে। ৩৫তম সভা গত ২৩/০৮/২০২২ খ্রি. তারিখে জুম অ্যাপে এবং ৩৬ তম সভা গত ০৫/০৪/২০২৩ খ্রি. তারিখে সরাসরি অনুষ্ঠিত হয়েছে।
- নিয়োগের সকল কার্যক্রম সম্পন্ন করে ১ম শ্রেণীর (গ্রেড-৭ থেকে গ্রেড-৯) ০৫ জন কর্মকর্তা গত ১২/০৯/২০২২ খ্রি. তারিখ এবং গ্রেড-১৩ থেকে গ্রেড-২০ ০৬ জন কর্মচারী গত ০২/০৫/২০২৩খ্রি. তারিখে কাজে যোগদান করেছে।
- গত ২৩ অক্টোবর, ২০২২ খ্রি. তারিখে ৯ থেকে ২০ গ্রেডের জনবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ১৩-২০ গ্রেডের জনবল নিয়োগের কার্যক্রম গত ০২/০৫/২০২৩ খ্রি. তারিখে সম্পন্ন করা হয় এবং গ্রেড-৯ এর নিয়োগের কার্যক্রম সম্পন্ন করা যায়নি। গত ১৯ জুন, ২০২৩ খ্রি. তারিখে নতুন ০৫ টি পদে ১৬ থেকে ২০ গ্রেডের জনবল নিয়োগের লক্ষ্যে ২টি পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।
- নেকটার বগুড়ার ভৌত অবকাঠামো নির্মাণের লক্ষ্যে বগুড়া জেলার শাজাহানপুর উপজেলাধীন ফুলদিঘী মৌজার ০.১৭ একর জমি অধিগ্রহণ করে হুকুম দখলের কার্যক্রম চলমান রয়েছে।

## জাতীয় দিবস ও ধর্মীয় দিবস-এ নেকটার কর্তৃক গৃহীত কার্যক্রম:

নেকটার বিভিন্ন জাতীয় দিবস (জাতীয় শোক দিবস, বিজয় দিবস, শেখ রাসেল দিবস, আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস, স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন করে থাকে। যার বিবরণ নিম্নে উপস্থাপিত হলো:

গত ১৫ আগস্ট, ২০২২ খ্রি. তারিখে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবসে জেলা প্রশাসন, বগুড়া কর্তৃক আয়োজিত শোক র‌্যালি/শোক পদযাত্রায় নেকটার এর সকল কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেন। তাছাড়া প্রতিষ্ঠানে আলোচনা সভা ও মসজিদে বিশেষ দোয়ার আয়োজন করা হয়।



১৫ আগস্ট-২০২২ জাতীয় শোক দিবস উপলক্ষ্যে নেকটারের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগণ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করেন।

১৬ ডিসেম্বর, ২০২২ খ্রি. মহান বিজয় দিবসে নেকটারের সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ দিবসের প্রথম ভাগে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করেন।মসজিদে শহীদদের রুহের মাগফেরাত ও দেশের সমৃদ্ধি কামনা করে দোয়া মাহফিলের আয়োজন করা হয়।



১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষ্যে সকল শহীদ ও বীর মুক্তিযোদ্ধাদের প্রতি নেকটারের সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন।

গ. ২১ ফেব্রুয়ারি আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস-২৩ উপলক্ষ্যে নেকটার বগুড়ার কর্মসূচিঃ



২১ ফেব্রুয়ারি আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস-২৩ উপলক্ষ্যে দিবস উপলক্ষ্যে জেলা প্রশাসন বগুড়ার সাথে মিল রেখে রাত ১২.০১ মিনিটে শহীদ খোকন পার্ক, বগুড়ায় অবস্থিত শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন করা হয়।

## হিসাব শাখা

**হিসাব বিভাগের কার্যক্রম:-**

(ক) একাডেমীর "পরিচালন" বাজেটে প্রাপ্ত অর্থ ও ব্যয়ের হিসাব সংরক্ষণ।

(খ) একাডেমীর অনুকূলে প্রাপ্ত পরিচালন বাজেটের বরাদ্দকৃত অর্থের ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের নিমিত্তে পরিচালক মহোদয়কে অবহিতকরণ।

(গ) "একাডেমীর নিজস্ব" বাজেটের বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত আয় ও ব্যয়ের হিসাব সংরক্ষণ।

(ঘ) একাডেমীর "পরিচালন" ও "একাডেমীর নিজস্ব" বাজেট প্রস্তুতকরণ এবং বোর্ড অব গভনর্রস সভায় উপস্থাপন। "একাডেমীর নিজস্ব" বাজেট বোর্ডের অনুমোদন সাপেক্ষে ব্যয় নির্বাহ।

(ঙ) একাডেমীর পরিচালন ও নিজস্ব বাজেট বরাদ্দ সাপেক্ষে অর্থ ব্যয়ের সকল নিয়মনীতি অনুসরণপূর্বক পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ব্যয় নির্বাহ এবং ব্যয়িত অর্থের বিল ভাউচার সংরক্ষণ করা।

(চ) সরকারি বিধি বিধান অনুযায়ী আর্থিক লেনদেন সংক্রান্ত বিষয়ে পরিচালক মহোদয়কে পরামর্শ দান।

(ছ) একাডেমীর আর্থিক ও প্রশাসনিক চাহিত তথ্যাদি কর্তৃপক্ষের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা।

### ২০২২-২৩ অর্থ বছরে একাডেমীর "পরিচালন" বাজেট-এর হিসাব বিবরণী:-

২০২২-২৩ অর্থ বছরের "পরিচালন" বাজেটের আওতায় সর্বমোট=২৪,৭০,০০,০০০/- (চব্বিশ কোটি সত্তর লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। তন্মধ্যে ২৪,৬৪,৬৫,০০০/- (চব্বিশ কোটি চৌষট্টি লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা ছাড় করা হয়। ছাড়কৃত অর্থের মধ্যে সর্বমোট ২৪,২৩,১১,৪১৯/২৫ (চব্বিশ কোটি তেইশ লক্ষ এগার হাজার চারশত উনিশ টাকা পঁচিশ পয়সা) টাকা যথাযথভাবে ব্যয় করা হয়েছে। অব্যয়িত সর্বমোট ৪১,৫৩,৫৮০/৭৫ (একচলিশ লক্ষ তেপ্পান্ন হাজার পাঁচশত আশি টাকা পঁচাত্তর পয়সা) জনতা ব্যাংক লি., ফুলদিঘী শাখা, বগুড়ায় চালান নং ২২২৩-০০২৩৬৮২৫১৮১, তাং ২৬/০৬/২০২৩ খ্রি. মোতাবেক সরকারি কোষাগারে চালানের মাধ্যমে জমা করা হয়ছে। ছাড়কৃত অর্থের খাতওয়ারী খরচ ও অব্যয়িত অর্থের সমর্পণ প্রতিবেদন গত ০১/০৭/২০২৩খ্রি. তারিখের ১০২০ নং পত্রের মাধ্যমে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

### ২০২২-২৩ অর্থ বছরে "একাডেমির নিজস্ব" আয়-ব্যয়ের হিসাব বিবরণী:-

নেকটার, "বোর্ড অব গভনর্রস"-এর গত ২৩/০৮/২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত ৩৫তম সভায় ২০২২-২৩ অর্থ বছরের জন্য একাডেমীর নিজস্ব আয় ও ব্যয়ের লক্ষ্যমাত্রা যথাক্রমে মোট ১,০২,৪২,২০০/- টাকা এবং ৪৬,৩০,০০০/- টাকা নির্ধারণ করা হয়। ৩০/৬/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত একাডেমীর বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত সর্বমোট= ১,০৭,২২,৯৪২/- টাকা আয় এবং ৬৮,৮৩,৪১৫/- টাকা ব্যয় হয়েছে। উলেখ্য যে, একাডেমীর নিজস্ব আয়ের উৎসসমূহ নিম্নরূপ:-

- অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স অন কম্পিউটার ট্রেনিং (৬ মাস)।
- অনলাইন ও অফলাইনে অনুষ্ঠিত কম্পিউটার প্রশিক্ষণ শর্টকোর্সের প্রশিক্ষণার্থীদের ভর্তি ফি।
- হোস্টেলের সিট ভাড়া।
- সেমিনার হল, ক্যাফেটারিয়া ও ব্যাংক ভবন ভাড়া।
- ল্যাব চার্জ/ সার্ভিস চার্জ।
- সঞ্চয়ী হিসাব ও এফডিআর-এর অনুকূলে ব্যাংক কর্তৃক প্রদত্ত সুদ।

## হোস্টেল ও ক্যাফেটারিয়া শাখা:

হোস্টেল:

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ক প্রশিক্ষণের জন্য আগত প্রশিক্ষণার্থীগণকে একাডেমীর হোস্টেলে আবাসন ব্যবস্থা করা হয়। সে জন্য ০৪ তলা বিশিষ্ট ১২০ সিটের একটি পুরুষ ও ৪০ সিটের একটি মহিলা হোস্টেল রয়েছে। সরকারি, বে-সরকারি, স্বায়ত্বশাসিত, এনজিওসহ অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তাগণের (সাময়িক) আবাসনের জন্য ০৬টি এসি ও ০৫টি নন-এসি ভিআইপি কক্ষ রয়েছে। এ সকল কক্ষ নির্ধারিত ভাড়ার বিনিময়ে বরাদ্দ প্রদানের সুযোগ রয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে হোস্টেলে ভাড়া হতে সর্বমোট ৫৮,০২,৫০০/- (মাত্র আটান্ন লক্ষ দুই হাজার পাঁচশত) টাকা আয় হয়। যা একাডেমীর নিজস্ব তহবিলে জমা করা হয়েছে।

বোর্ড অব গভণর্নন-এর ২৫তম সভায় নেকটার, বগুড়া'র হোস্টেলের সিট ভাড়া নিম্নোক্ত তালিকা অনুসারে পুন:নির্ধারণ করা হয় :



পুরুষ হোস্টেল



মহিলা হোস্টেল

## ভিআইপি কক্ষের ভাড়ার হার :

| ক্রমিক নং | ক্যাটাগরি | বর্তমান প্রচলিত ভাড়ার হার | | | |
|---|---|---|---|---|---|
| | | এসি (বিশেষ) | এসি | নন-এসি সিঙ্গেল) | নন-এসি (ডাবল) |
| ০১. | সরকারি (নন ক্যাডার)/আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/প্রতিনিধি প্রতিদিন প্রতিসিট | ১,০০০/- | ৫০০/- | ৩০০/- | ৩০০/- |
| ০২. | এমপিওভুক্ত সে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধি প্রতিদিন প্রতিসিট | ১,২০০/- | ৬০০/- | ৪০০/- | ৫০০/- |
| ০৩. | আন্তর্জাতিক/এনজিও/প্রাইভেট প্রতিষ্ঠানের কর্মকর্তা /প্রতিনিধি প্রতিদিন প্রতিসিট | ১,২০০/- | ৮০০/- | ৬০০/- | ৮০০/- |
| ০৪. | বিসিএস ক্যাডার কর্মকর্তাগণের প্রতিদিন প্রতিসিট | ৪০০/- | ২৫০/- | ১৫০/- | ২০০/- |

## সাধারণ কক্ষের ভাড়ার হার :

| ক্রম | ক্যাটাগরি | বর্তমান প্রচলিত ভাড়ার হার |
|---|---|---|
| ০১. | নেকটার-এর প্রশিক্ষণার্থী/শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারী প্রতিদিন প্রতিসিট | ৬০/- |
| ০২. | সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/প্রতিনিধি প্রতিদিন প্রতিসিট | ১০০/- |
| ০৩. | আন্তর্জাতিক/এনজিও, এমপিওভুক্ত সে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠান ও প্রাইভেট সংস্থার প্রতিনিধিদের প্রতিদিন প্রতিসিট | ১৫০/- |
| ০৪. | নির্বাচিত উচ্চ মাধ্যমিক, মাধ্যমিক ও মাদ্রাসা পর্যায়ের শিক্ষক প্রশিক্ষণার্থীদের প্রতিদিন প্রতিসিট | ২০০/- |

## ক্যাফেটারিয়া ঃ

নেকটার, বগুড়া'য় দেশের বিভিন্ন সরকারি-বেসরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, কলেজ ও মাদ্রাসা থেকে আগত প্রশিক্ষণার্থী ও অতিথিবৃন্দের আপ্যায়নের জন্য একটি ১৬০ আসন বিশিষ্ট ক্যাফেটারিয়া রয়েছে। এর মধ্যে ২৪ আসন বিশিষ্ট শীতাতপ নিয়ন্ত্রিত একটি কক্ষ রয়েছে;

- দক্ষ ব্যবস্থাপনার মাধ্যমে ক্যাফেটারিয়ায় মানসম্মত খাবার পরিবেশন নিশ্চিত করা হয়ে থাকে। শিক্ষক, কর্মকর্তা-কর্মচারিসহ একাডেমীর প্রশিক্ষণার্থীগণ নির্ধারিত মূল্য পরিশোধের মাধ্যমে ক্যাফেটারিয়ার খাবার গ্রহণের সুযোগ পেয়ে থাকেন;
- বিভিন্ন সামাজিক অনুষ্ঠানাদি বিশেষত নেকটারের কর্মরত কর্মকর্তা ও কর্মচারিগণের পারিবারিক বিভিন্ন অনুষ্ঠানে স্বল্প মূল্যে ক্যাফেটারিয়া ব্যবহারের সুযোগ পেয়ে থাকেন। কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে সীমিত আকারে সমাজের বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের নিজস্ব অনুষ্ঠানাদি করার জন্য ক্যাফেটারিয়া ব্যবহারের সুযোগ রয়েছে।



ক্যাফেটারিয়া

### কনফারেন্স হলঃ

নেকটারে ২৫০ আসন বিশিষ্ট শীতাতপ নিয়ন্ত্রিত এবং অডিও ভিডিও সিস্টেম সম্বলিত কনফারেন্স হল রয়েছে। প্রশিক্ষণের মান উন্নয়নের জন্য বিভিন্ন সভা, সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কসপ, শিক্ষা ও বিনোদনমূলক কর্মকান্ড কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়।



কনফারেন্স হল

### ভাড়ার হার ঃ

নেকটারের ছাত্র-ছাত্রী, প্রশিক্ষণার্থী ও কর্মরত কর্মকর্তা-কর্মচারিগণ পারিবারিক বিভিন্ন অনুষ্ঠানে স্বল্পমূল্যে কনফারেন্স হল ও ক্যাফেটারিয়া ব্যবহারের সুযোগ পেয়ে থাকেন। অধিকন্তু কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে সীমিত আকারে সমাজের বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের নিজস্ব অনুষ্ঠানাদি করার জন্য কনফারেন্স হল ব্যবহারের সুযোগ রয়েছে।

নেকটার বোর্ড অব গভর্ণরস-এর ১৭তম সভার সিদ্ধান্ত অনুসারে ক্যাফেটারিয়া ও কনফারেন্স হল ভাড়ার হার নিম্নরূপঃ

ক্যাফেটারিয়া ঃ

পূর্ণ দিবস - ৮,০০০/- (১৫% ভ্যাট ও ১০% সার্ভিস চার্জ প্রযোজ্য)
অর্ধ দিবস - ৫,০০০/- (১৫% ভ্যাট ও ১০% সার্ভিস চার্জ প্রযোজ্য)

কনফারেন্স হল ঃ

পূর্ণ দিবস - ১০,০০০/- (১৫% ভ্যাট ও ১০% সার্ভিস চার্জ প্রযোজ্য)
অর্ধ দিবস - ৬,০০০/- (১৫% ভ্যাট ও ১০% সার্ভিস চার্জ প্রযোজ্য)

## স্টোরঃ

২০১৯-২০ অর্থবছরে পিপিআর অনুযায়ী একাডেমীর যাবতীয় মালামাল সংগ্রহ করা হয় এবং তা স্টক রেজিষ্টারে এন্ট্রি পূর্বক পরিচালক-এর অনুমোদন সাপেক্ষে বিভিন্ন বিভাগ/শাখার চাহিদা অনুযায়ী সরবরাহ করা হয়। সরবরাহকৃত মালামালের মধ্যে স্টেশনারীজ, প্রশিক্ষণ স্টেশনারীজ, আসবাবপত্র, কম্পিউটার ও কম্পিউটার যন্ত্রাংশ অন্যতম।




স্টোর এবং মেডিকেল সেন্টার

## মেডিকেল সেন্টারঃ

নেকটার ক্যাম্পাসে একটি মেডিকেল সেন্টার রয়েছে। একজন এমবিবিএস ডাক্তার ও মেডিকেল এ্যাসিসটেন্ট সার্বক্ষণিক প্রশিক্ষণার্থী ও কর্মকর্তা-কর্মচারিদের প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করে থাকেন।

## মসজিদ ঃ

নেকটারের কর্মকর্তা-কর্মচারি, প্রশিক্ষণার্থী ও এলাকাবাসি দৈনিক ৫ ওয়াক্ত এবং জুম্মার নামাজ আদায়ের জন্য ক্যাম্পাসের দক্ষিণ পূর্ব কোণে শীতাতপ নিয়ন্ত্রিত "মসজিদুন নেকটার" নামে একটি জামে মসজিদ রয়েছে। মুসল্লিরা মসজিদে একই সংগে ২৫০ জন নামাজ আদায় করতে পারেন। এছাড়া বিভিন্ন ধর্মীয় ও জাতীয় দিবসে মসজিদে নিয়মিত মিলাদ ও দু'আ মাহফিল-এর আয়োজন করা হয়। তাছাড়া পবিত্র রমজান মাসে খতম তারাবিহ ও পবিত্র কুরআন শিক্ষার ব্যবস্থা করা হয়ে থাকে।



মসজিদুন নেকটার

## খ. রেজিস্ট্রেশন ও পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (Department of Registration and Examination Control)

এ্যাডমিনিস্ট্রেটিভ ডিভিশনের আওতায় রেজিস্ট্রশন ও পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (**Department of Registration and Examination Control**)-এর অধীন দু'টি শাখা রয়েছে। উক্ত শাখা দু'টির মাধ্যমে একাডেমী কর্তৃক পরিচালিত বিভিন্ন কোর্সের প্রশিক্ষণার্থীদের রেজিস্ট্রেশন, পরীক্ষা গ্রহণ, মূল্যায়ন, ফলাফল প্রস্তুত, সনদপত্র ইস্যুসহ গুরুত্বপূর্ণ কার্যাদি সম্পন্ন হয়ে থাকে।

(ক) ২০২২-২৩ অর্থবছরে এ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স অন কম্পিউটার ট্রেনিং ( ৬ মাস মেয়াদী )- এ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের সনদ প্রদানের পরিসংখ্যান:

| ক্রমিক নং | ব্যাচ নং | প্রশিক্ষণার্থীর সংখ্যা | | | ফলাফল | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | মহিলা | মোট | OS. | A+ | A | A- | B | C |
| ১ | ৫৬,৫৭ | ৮৩ | ৩৭ | ১২০ | ০১ | ১৫ | ৪৩ | ৪২ | ১২ | - |
| ২ | ৫৮,৫৯,৬০ | ১২০ | ৬০ | ১৮০ | ০১ | ১৮ | ৪৩ | ৫৮ | ৩৩ | ১৯ |
| মোট | | ২০৩ | ৯৭ | ৩০০ | ০২ | ৩৩ | ৮৬ | ১০০ | ৪৫ | ১৯ |

এ্যাডমিনিস্ট্রেটিভ ডিভিশনের আওতায় রেজিস্ট্রেশন ও পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (Department of registration and Examination Control)-এর অধীন দুইটি শাখা রয়েছে । উক্ত শাখা দু'টোর মাধ্যমে একাডেমী কর্তৃক পরিচালিত বিভিন্ন কোর্সের প্রশিক্ষণার্থীদের রেজিস্ট্রেশন, পরীক্ষা গ্রহণ, মূল্যায়ন, ফলাফল প্রস্তুত, সনদপত্র ইস্যুসহ গুরুত্বপূর্ণ কাযাদি সম্পন্ন হয়ে থাকে ।

(খ) ২০২২-২৩ অর্থবছরে নেকটার কর্তৃক পরিচালিত সংক্ষিপ্ত কোর্স-এ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের সনদপত্র প্রদানের পরিসংখ্যান:

| ক্রমিক নং | কোর্সের নাম | প্রশিক্ষণার্থীর সংখ্যা | পুরুষ | মহিলা | মোট | মোট উত্তীর্ণ |
|---|---|---|---|---|---|---|
| 01 | Professional Freelancing (SEO,SMM) | 307 | 80 | 387 | 265 | |
| 02 | Fundamentals of Webpage Designing | 79 | 22 | 101 | 89 | |
| 03 | Graphics Design (Adobe Photoshop & Adobe Illustrator) | 121 | 32 | 153 | 111 | |
| 04 | "C"Programming Language Course | 89 | 13 | 102 | 102 | |
| 05 | Basic Computer Applicaton | 199 | 82 | 281 | 242 | |
| 06 | Wordpress Theme Customization | 101 | 14 | 115 | 90 | |
| 07 | Android App Development | 97 | 04 | 101 | 44 | |
| 08 | Video Editing | 185 | 27 | 212 | 190 | |
| 09 | Programming Essentials-in-Python | 44 | 07 | 51 | 26 | |
| 10 | Programming Essentials-in-"C" | 17 | 14 | 31 | 06 | |
| 11 | SISCO , Certified Network Associate(CCNA) 3rd Batch as per Semester- 1,2,3 (29,28,26) | 33 | [illegible] | 33 | 83 | |

| ক্রমিক নং | কোর্সের নাম | প্রশিক্ষণার্থীর সংখ্যা | পুরুষ | মহিলা | মোট | মোট উত্তীর্ণ |
|---|---|---|---|---|---|---|
| 12 | SISCO , Certified Network Associate(CCNA) | | | | | |
| | 4th Batch as per Semester- 1,2,3 (23,20,16) | 34 | [illegible] | 34 | 59 | |
| 13 | JavaScript | 59 | 04 | 63 | 45 | |
| 14 | Java Programming | 21 | [illegible] | 21 | 15 | |
| 15 | Computer Learning Course For HSC Level | 101 | 18 | 119 | 119 | |
| 16 | Web Development Using & PHP & My SQL- | 92 | 14 | 106 | 80 | |
| 17 | ICT Training Cpurse for students with Special Needs | 21 | 08 | 29 | 29 | |
| 18 | Digital content Development | 94 | 20 | 114 | 114 | |
| | Total | 1694 | 359 | 2053 | 1709 | |

(গ) ২০২২-২৩ অর্থবছরে নেকটার কর্তৃক পরিচালিত NTVQF Level-3/4 কোর্স-এ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের সনদপত্র প্রদানের পরিসংখ্যান: